## শিক্ষকদের বদলি প্রসঙ্গে

অতিসম্প্রতি ঢাকা শহরের বিভিন্ন সরকারী কলেজ থেকে শিক্ষকদের বদলী করার জন্য শিক্ষা মন্ত্রণালয় নির্দেশ জারি করেছেন। অবশ্য যারা একাদিক্রমে আট বছর অথবা তার অধিককাল ধরে ঢাকায় বিভিন্ন কলেজে অধ্যাপনায় নিয়োজিত আছেন কেবলমাত্র তাদের বেলায় উক্ত আদেশ প্রযোজ্য। কিন্তু এর ফলেই ইতিমধ্যে লঙ্কা-কাণ্ড বেধে গেছে। একবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের মাননীয় মহাপরিচালকের দপ্তর থেকে বিভিন্ন কলেজে নির্দেশনামা পাঠানো হল যে, যে সমস্ত শিক্ষকদেরকে ঢাকা থেকে বাইরের বিভিন্ন কলেজে বদলি করা হয়েছে এবং তাদের জায়গায় সেই সমস্ত কলেজ থেকে যাদের ঢাকায় বদলি করা হয়েছে তাদের কেউই যেন ৩১শে ডিসেম্বরের আগে কোনক্রমে নড়াচড়া না করেন। ইতিমধ্যে আবার আরেক নির্দেশ জারি করা হয়েছে যে, সমস্ত বদলির আদেশ পুনরাদেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে। অবস্থা দৃষ্টে মনে হচ্ছে ঢাকায় যে শিক্ষকেরা আছেন তারা বদলি ঠেকাবার জন্য তদ্বির বেশ জোরে-শোরেই চালাচ্ছেন। আর চালাবেনই না বা কেন? একেত খোদ রাজধানীতে যুগ যুগ ধরে আছেন আর দ্বিতীয়ত: সেই সুবাদে রাস্তা-ঘাট সব চেনা। সহজেই খোদ বড়কর্তাদের দুয়ারে ধর্ণা দিতে তাদের কোন অসুবিধা হয় না। শুধু এবারেই নয়, যতবারই তাদের ঢাকা থেকে বদলি করা হয়েছে ততবারই তারা তদ্বির, রাজনৈতিক প্রভাব ইত্যাদির বদৌলতে সরকারী বদলির নির্দেশকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করেছেন।

এবারেও নাকি তারা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষদের নিয়ে শিক্ষা পরিচালকের দরবারে হাজির হয়েছিলেন এবং অধ্যক্ষ সাহেবেরা এটাই নাকি ব্যাখ্যা করেছিলেন যে, এ সমস্ত শিক্ষকরা ছাড়া নাকি ঢাকার বিভিন্ন কলেজ অচল হয়ে যাবে।

নতুন করে নাকি তারা ছাত্রদের পাঠিয়েছিলেন শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের কাছে। ছাত্ররা নাকি মহাপরিচালককে এ কথা বুঝানোর চেষ্টা করেছে যে এ সমস্ত শিক্ষক ছাড়া তাদেরকে পড়ানোর মত বাংলাদেশে কোন শিক্ষক নেই। এমনকি ছাত্রদের দিয়ে পত্রিকায়ও চিঠিপত্র ইত্যাদি প্রকাশ করছেন। এ থেকে সহজেই বোঝা যায় নিজেদের হীন স্বার্থ চরিতার্থ করার জন্য এ সমস্ত শিক্ষক কিভাবে ছাত্রদের বিভ্রান্ত ও স্বার্থসিদ্ধির হাতিয়ার হিসেবে ব্যবহার করেন।

আমাদের প্রশ্ন, যারা বাইরের কলেজগুলোতে চাকরি করছেন তারা কি পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত হননি? তারা কি শিক্ষা পরিদপ্তর কিংবা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিয়োগপত্র প্রাপ্ত নন? অনেকে নির্বাচনী পরীক্ষায় ভাল ফল করেও তো ভাল কলেজে নিয়োগপত্র পাননি আবার নিছক তদ্বির কিম্বা বড় আত্মীয়ের জোরে খোদ ঢাকার নামকরা কলেজগুলোতে অনেকেই নিয়োগ পেয়েছেন।

তাই আমাদের দাবী, শুধু ঢাকা নয়, সমস্ত কলেজে শিক্ষক ও কর্মচারীদের অন্যান্য সরকারী অফিসার ও কর্মচারীদের মত নির্দিষ্ট সময়ের ব্যবধানে অন্যত্র বদলি করার সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও কার্যকরী করা হোক। শুধু তাই নয়, কোন শিক্ষক ও কর্মচারীকেই তার নিজের জেলায় বদলি করা যাবে না। স্থানীয় এলাকায় চাকরি করার ফলে শিক্ষকতার পরিবর্তে অন্যান্য কাজে তারা বেশী ব্যস্ত থাকেন এবং স্থানীয় প্রভাব বজায় রাখার জন্য ছাত্রদের নিয়ে রাজনীতি করেন, কলেজগুলোতে নৈরাজ্য ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন।

কাজেই কর্তৃপক্ষের কাছে আমাদের দাবী, অবিলম্বে সরকারের বর্তমান বদলি আদেশ কার্যকর করা হোক এবং স্থায়ীভাবে শিক্ষার ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা হোক। এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের শুভদৃষ্টি ও সক্রিয় হস্তক্ষেপ কামনা করছি।

—জনৈক অধ্যাপক,
সাদাত কলেজ, করটিয়া
টাঙ্গাইল।